

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়  
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।

স্মারক নং-৩৪.০১.০০০০.০৩৮.৩৮.০০৭.২০১৪-২৪

তারিখঃ ১০ শ্রাবণ, ১৪২৩বং  
২৫ জুলাই, ২০১৬খ্রিঃ

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা(২য় পর্যায়-১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through Comprehensive Technology (IMPACT):( Phase-2)(1<sup>st</sup> Revised)]-শীর্ষক প্রকল্পের আগামী ২০১৬-২০১৭ অর্থবছরের জন্য আগামী ৩১ জুলাই ২০১৬খ্রিঃ তারিখ, রবিবার, সকাল ১০:০০ টা থেকে দিনব্যাপি অধিদপ্তরের সম্মেলন কক্ষে মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর মহোদয়ের সভাপতিত্বে প্রকল্পের মাঠপর্যায়ের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও প্রকল্পের উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসারগণের সাথে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। মতবিনিময় সভায় সংশ্লিষ্ট সকলকে নিম্নবর্ণিত তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

যে সকল তথ্যাদি সাথে নিয়ে আসতে হবেঃ

- ১) সমাপ্ত ২০১৫-১৬ অর্থবছরের উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা কর্তৃক প্রত্যাশিত প্রকৃত ব্যয়ের খাতওয়ারী হিসাব, ওরিয়েন্টেশন প্রশিক্ষণ অগ্রগতি, বায়োগ্যাস প্লান্ট স্থাপন, ঋণ বিতরণ ও আদায় অগ্রগতি;
- ২) ২০১৬-২০১৭ অর্থবছরের বাজেট চাহিদা (নির্ধারিত ছকে) সম্ভাব্য বায়োগ্যাস প্লান্ট স্থাপন সংখ্যা, সম্ভাব্য প্রশিক্ষণ, ঋণ বিতরণ ও আদায়ের পরিমাণ;
- ৩) সমস্যা(যদি থাকে)।

০২। বিষয়টি অতীব জরুরী।

(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট(ফেজ-২, ১ম সংশোধিত) প্রকল্প

যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

ফ্যাক্সঃ-৯৫৭৮১০৪, ফ্যাক্সঃ ৯৫৮৮৩৯২।

e-mail:pdimpactphase2dyd@gmail.com

প্রাপক,

১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

উপজেলা-----জেলা-----

২। উপজেলা ক্রেডিট এন্ড মার্কেটিং অফিসার, ইমপ্যাক্ট(ফেজ-২) প্রকল্প,

যুব উন্নয়ন অধিদপ্তর, উপজেলা-----জেলা-----

অনুলিপি জ্ঞাতার্থেঃ

১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

২। অফিস কপি।